টেলিফোন : ৩৪-১৫৫২
রিপ্রোডাক্সন সিন্ডিকেট
ঝকঝকে ছাপা, পরিষ্কার ব্লক ও সুন্দর ডিজাইন
৭-১, কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা-৬

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র
প্রতিষ্ঠাতা—স্বর্গীয় শরৎচন্দ্র পণ্ডিত
(দাদাঠাকুর)

আধুনিক
ডিজাইনের
= বিয়ের =
কার্ড
পণ্ডিত-প্রেসে পাবেন।

৫৭শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ— ১৩ই জ্যৈষ্ঠ বুধবার, ১৩৭৭ ইং 27th May. 1970 { ২য় সংখ্যা



সকল ঘরের তরে...
দীপ্তি লণ্ঠন
ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

রান্নায় আনন্দ

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

• ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
• স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
• যে কোনো অংশ সহজলভ্য।



খাস জনতা
কেরোসিন কুকার
দি ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ
৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

দেশী ও বিলাতী বাচ্চা ও বড়
মুরগী বিক্রয় হয়
নিম্নে অনুসন্ধান করুন—
রতন রায়
রঘুনাথগঞ্জ তরকারী বাজারের সন্নিকটে

স্টুডেন্টস্ ফেভারিট
স্কুল, কলেজ ও পাঠাগারের
মনের মত ভাল বই
সবচেয়ে সুবিধায় কিনুন।
STUDENTS' FAVOURITE
Phone—R.G.G. 44.

এরা দোষও করে চোখও রাঙায়
কোনওরূপে হয় না কাবু,
ঘুষের দালাল মউরী মশায়
কিংবা স্বয়ং উকিল বাবু।
—দাদাঠাকুর

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

১৩ই জ্যৈষ্ঠ বুধবার সন ১৩৭৭ সাল।

## নাট্যাভিনয়

গত ২৩শে ও ২৪শে মে জঙ্গিপুর মহকুমা-শাসক অফিসের কর্ম্মচারিবৃন্দ তাঁদের নিজস্ব মঞ্চে জরাসন্ধের "লৌহ-কপাট" মঞ্চস্থ করেন। এইটি এঁদের পঞ্চম প্রচেষ্টা। মহকুমা-শাসক শ্রীঅসিত-রঞ্জন দাশগুপ্ত মহাশয়ের অক্লান্ত চেষ্টায় ও উৎসাহে তাঁদের প্রচেষ্টা সফল হ'য়েছে। নাট্যকারের সুনির্দ্দেশনা ও শিল্পীদের দলগত অভিনয়গুণে নাটকটি সুঅভিনীত হ'য়েছে। নাটকে বহু চরিত্রের সমাবেশ তবু অভিনয়ের দিক থেকে বলতে গেলে বদর মুন্সী, কাশেম ফকির, মলয় চৌধুরী, রমজান, কুটী ও কাঞ্চীর অভিনয়ই উত্তম। এই ক'টি চরিত্রই বেশ সুন্দর অভিনীত এবং দর্শকমন আকর্ষণীয়। মিঃ রয়, গিরীন, ডাঃ থাপা, অজিত, রুমি, রেশুয়াজ, সতীনাথ দত্ত ও তাঁর কন্যার অভিনয়ও প্রশংসনীয়। বাকী সব যথাযথ। নাটকটির নির্দ্দেশনায় ছিলেন শ্রীহরিপ্রসাদ মুখার্জী। আলোর কাজ ত্রুটিপূর্ণ কিন্তু মঞ্চের কাজে প্রশংসার দাবি রাখে।

---

### মোটর বাস ধর্ম্মঘট

জঙ্গিপুর মহকুমার বিভিন্ন রুটের মোটর বাস সমূহের কর্ম্মচারিবৃন্দ বেতন বৃদ্ধি ও নানা প্রকার সুবিধা দানের দাবিতে গত ২৬শে মে মঙ্গলবার সকাল হ'তে ধর্ম্মঘট করিয়াছেন। পূর্ব্ব হইতে না জানাইয়া হঠাৎ ধর্ম্মঘট করায় যাত্রিগণের বিশেষ অসুবিধা ও ক্ষতি হইয়াছে।

---

### বিদ্যালয়ের কাগজপত্র পুলিশ হেফাজতে গেল

রঘুনাথগঞ্জ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের কিছু খাতাপত্র গত ২৪-৫-৭০ তারিখ রঘুনাথগঞ্জ থানায় পুলিশের নিকট গচ্ছিত রাখা হইয়াছে।

---

### মুর্শিদাবাদে বিশ্ব রেড্ক্রশ দিবস পালন

গত ৮ই মে, ১৯৭০ তারিখে স্থানীয় রেডক্রশ ভবনে বহরমপুর শহরের বিশিষ্ট নাগরিক ও শিক্ষা-বিদ্গণের উপস্থিতিতে বিশ্ব রেড্ক্রশ সংস্থার প্রতিষ্ঠাতা মানব-প্রেমিক মহাত্মা হেনরী ডুনের জন্মদিনে মুর্শিদাবাদ রেড্ক্রশ শাখার পক্ষ থেকে তাঁর প্রতিকৃতিতে মাল্যদান ও শ্রদ্ধা নিবেদন করেন মুর্শিদাবাদ জেলা-শাসক শ্রীঅশোককুমার চট্টোপাধ্যায় আই, এ, এস। তিনি তাঁর ভাষণে বলেন বিশ্ব জনজীবনে হেনরীর জীবন-দর্শন এবং রেড্ক্রসের ভূমিকাই বিশ্বশান্তি ও বিশ্ব প্রেমের প্রকৃষ্ট পন্থা। অন্যান্য বক্তাদের মধ্যে মুর্শিদাবাদ রেড্ক্রশ শাখার সম্পাদক বিশিষ্ট নাগরিক ডাঃ রবীন্দ্রনাথ রায় মানব কল্যাণ নিয়োজিত এই সেবা প্রতিষ্ঠানের বহুমুখী ধারায় অনুপ্রাণিত হ'বার জন্য কর্ম্মী, উপস্থিত ভদ্রমণ্ডলী ও সরকারী কর্ম্মচারিগণের প্রতি আহ্বান জানান। বিশিষ্ট শিক্ষাবিদ শ্রীগৌরীপ্রসন্ন বিশ্বাস মহাশয় তাঁর হৃদয়গ্রাহী ভাষণে উপস্থিত সকলকে সেবা প্রতিষ্ঠানের পাশে দাঁড়াতে অনুরোধ জানান। সর্ব্বশেষে রেড্ক্রশ মাসের সংগৃহীত ৬০০৲ (ছয় শত টাকা) দুঃস্থদের জন্য ব্যয় করার প্রস্তাব গৃহীত হয়।

(বিশ্ব রেড্ক্রশ দিবস উপলক্ষে মুর্শিদাবাদ তথ্য ও জন সংযোগ বিভাগ হইতে প্রকাশিত)

---

### পরলোকগমন

রঘুনাথগঞ্জের মোটর-ব্যবসায়ী ফণিভূষণ সিংহ মহাশয় ১৩ই জ্যৈষ্ঠ বুধবার সকাল ৫ ঘটিকায় পরলোকগমন করিয়াছেন। তিনি পরোপকারী ও মিষ্টভাষী ব্যক্তি ছিলেন। লোকের আপদে বিপদে প্রত্যেককেই তিনি তাঁহার জিপগাড়ীখানি দিতেন। মৃত্যু সংবাদ পেয়ে তাঁহার স্বগ্রাম মহম্মদপুর হ'তে প্রায় পাঁচ শতাধিক নরনারী রঘুনাথগঞ্জ শ্মশান ঘাটে সমবেত হইয়াছিল। আমরা তাঁহার স্বজনগণের শোকে সমবেদনা জ্ঞাপন করিয়া পরলোকগত আত্মার চিরশান্তি কামনা করিতেছি।

---

গত ২১শে মে বৃহস্পতিবার রাত্রি ১১-২০ মিঃ সময় মণ্ডলপুর ফ্রী-প্রাইমারী স্কুলের প্রধান শিক্ষক ভগবতীচরণ ঘোষ অকালে পরলোকগমন করিয়াছেন। মৃত্যুকালে তাঁহার বয়স প্রায় ৪৮ বৎসর হইয়াছিল। তিনি ৭টি নাবালক পুত্র, ২টি কন্যা ও স্ত্রী রাখিয়া গিয়াছেন। আমরা তাঁহার শোক-সন্তপ্ত পরিবারবর্গকে আন্তরিক সমবেদনা জ্ঞাপন করিতেছি।

---

### সরকারী কর্মচারীদের উপর পুলিশের লাঠি, কাঁদানে গ্যাস

২৭শে মে বুধবার দুপুরে একদল সরকারী কর্মচারী বহরমপুরে মুর্শিদাবাদের জেলা-শাসককে ঘেরাও করেন। তাঁদের অভিযোগ গতকাল রাত্রে কোন এক হাঙ্গামা সম্পর্কে ধৃত এক সরকারী কর্মচারীকে থানায় মারধর করার অভিযোগ করে তাঁরা দাবী করেন, থানার ও, সি-কে ক্ষমা চাইতে হবে। জেলা-শাসক তাঁদের বলেন, এ ব্যাপারে তদন্ত করে তিনি সিদ্ধান্ত নেবেন। কিন্তু কর্মচারীরা সন্তুষ্ট না হয়ে তাঁকে ঘেরাও করেন। জেলা-শাসক কেন্দ্রীয় রিজার্ভ পুলিশের সাহায্য নেন এবং ঘেরাও মুক্ত হন। পুলিশ কাঁদানে গ্যাস সহ ঘটনাস্থলে উপস্থিত হয়। পুলিশের লাঠি চারজ ও কাঁদানে গ্যাস ছোড়ার ফলে ৬ ব্যক্তি আহত হয়। তার মধ্যে দুজনের অবস্থা আশঙ্কাজনক।

---




পশ্চিমবঙ্গের আইন ও শৃঙ্খলা যাতে উন্নত হয় তার জন্যে রাজ্যসরকারকে প্রয়োজন মত সব রকমের সাহায্য করবার প্রতিশ্রুতি দিতে গেছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্র সচিব শ্রী এল, পি, সিং।

রাজ্যের নাভিশ্বাস এবং আশ্বাস।

* * *

খবরে প্রকাশ, অন্ধেরা নাকি দেশের রাজ্য বিধানপরিষদগুলিতে এবং রাজ্য সভায় একজন করে অন্ধ সদস্য মনোনীত করার দাবী করবেন।

'এখনি অন্ধ বন্ধ ক'রোনা পাখা'।

* * *

রাষ্ট্রপতি ভূটানে শৈলশিখরচ্যুত এক প্রস্তরের আঘাত হইতে খুব অল্পের জন্য রক্ষা পান।

ভূটানে ভূ-আকর্ষণ ( ভৌম-আকর্ষণ ) বেশী না, রাষ্ট্রচাঁই সকাশে প্রস্তরচাঁই এর দরবার করতে যাওয়া? আমার মতে 'পর্বত চাহিল হতে বৈশাখের নিরুদ্দেশ মেঘ'।

* * *

কিছুদিন আগে রাজ্যের শিক্ষাদপ্তরের একটি গাড়ী হতে চাল উদ্ধার করা হয়। ঐ চাল নাকি চোরাই চালান হচ্ছিল বলে পুলিশ মনে করে।

কাতুখুড়ো বলছেন—'বাবা, ওটা রাজ্য শিক্ষা দপ্তরের চাল।'

'এটা অত্যন্ত পরিতাপের বিষয় যে, রবীন্দ্র-জয়ন্তীতেও পুলিশ দিতে হচ্ছে।'—পুলিশ কমিশনার মহাশয়ের মন্তব্য।

পুলিশ না হলে লোকে অনুষ্ঠানে গিয়ে 'ফুলিশ' হবে।

* * *

গত ২৬শে বৈশাখ তিলজলা থানা এলাকায় বঁইচিতলায় সি, পি, এম ও আর, এস, পি সমর্থকদের মধ্যে এক সংঘর্ষ হয়।

তিলে-জলে উত্তর যুক্তফ্রন্টিয় তর্পণ?

## জরুরী সরকারী বিজ্ঞপ্তি

অতিরিক্ত জেলা-শাসক ( ভূমি গ্রহণ ) মহাশয়ের আদেশ অনুসারে জনসাধারণের অবগতির নিমিত্ত জানান যাইতেছে যে "পশ্চিমবঙ্গ ভূমি সংস্কার আইনের" ২৩ বি ধারার ২নং উপধারার বিধানে বর্ণিত ১৫ 'এ' ও 'বি' বিধি অনুযায়ী ১০নং ফরমে রায়তদের জমার বিবরণ দাখিলের শেষ দিন ৩১/৫/৭০ ধার্য্য করা হইয়াছিল।

পশ্চিমবঙ্গ সরকার উক্ত রিটার্ণ দাখিলের তারিখ দুইমাস আরও বাড়াইয়া ৩১শে জুলাই ১৯৭০ পর্য্যন্ত করিয়াছেন। উক্ত তারিখের মধ্যে রায়তগণ ভূমি সংস্কার আইনের কার্য্যবিধির ১০নং ফরমে পরিবার ভিত্তিক জমাওয়ারী হিসাব দাখিল করিতে পারিবেন।

* * ১৯৭০ সালের ৩১শে জুলাই, ১০নং ফরমে রিটার্ণ দিবার শেষ তারিখ ধার্য্য হইয়াছে।

জেলা তথ্য, মুর্শিদাবাদ [ বি-৮ (৯) ]

---

## *দিবালোকে ছিনতাই*

গত ১৪ই মে বৃহস্পতিবার আনুমানিক বেলা ১ ঘটিকার সময় একটি যুবক কতিপয় দুষ্কৃতকারী-দ্বারা ছুরিকাহত হইয়া লালবাগ হাসপাতালে প্রেরিত হইয়াছে। ঘটনার বিবরণে প্রকাশ আহত যুবকটি লালবাগ সাব্‌রেজেস্‌টারী অফিস হইতে জমি বিক্রয় বাবদ ৩২০০৲ টাকা লইয়া বাড়ী ফিরিতে-ছিল। পথিমধ্যে নশীপুরের হরিগঞ্জের বাগানের নিকট ৪/৫ জন দুষ্কৃতকারী পিছন হইতে লাঠি মারিয়া তাহাকে ফেলিয়া দেয় এবং পরে শরীরের কয়েক স্থানে ছুরি মারিয়া উক্ত টাকা লইয়া চম্পট দেয়। আহত ব্যক্তির বাড়ী দস্তরহাট। এইরূপ প্রকাশ্যে দিবালোকে ছিনতাইয়ে স্থানীয় নশীপুর বাসীর মনে একটা আতঙ্কের সৃষ্টি হইয়াছে। মাননীয়া লালবাগ মহকুমা শাসক মহাশয়ার দৃষ্টি আকর্ষণ করা হইলে ঐ স্থানে পুলিশ পাহারার ব্যবস্থা করা হইয়াছে। —নিজস্ব

---

## পরীক্ষা না প্রহসন?

বি, এ পার্ট ওয়ান পরীক্ষা অন্যান্য জায়গার মত জঙ্গিপুর কলেজেও আরম্ভ হয়েছে। কিন্তু এখানে কি সত্যই পরীক্ষা হয়? যে পরীক্ষার নাম শুনলে ছেলেদের মনে ভীতির সঞ্চার হত। মেয়েদের মুখ উঠত শুকিয়ে উদ্বেগে উৎকণ্ঠায়—তা আজ কোথায়? অতীতের অভিজ্ঞতা হতে বলা যায় যে জঙ্গিপুর কলেজে—পরীক্ষার ঘণ্টা বেজে উঠল। গার্ডরা যে যার ঘরে পাইচারী করছেন। ছেলেদের হাতে প্রশ্নপত্র দেওয়া হল। হঠাৎ চীৎকার 'স্যার কস্‌চিন খুব কঠিন, আমরা কিছু লিখতে পারব না।' পরীক্ষা হলে টেবিল, বেঞ্চির উৎকট শব্দ। ঘটনা-স্থলে উপস্থিত হলেন কলেজ কর্তৃপক্ষ। 'কি হল.........প্রশ্ন কঠিন তো আমরা কি করব? তোমরা যে যা পার লেখ।' এর কিছু পর আস্তে, আস্তে গার্ডরা ঘর থেকে বাইরে বেড়িয়ে এলেন আর ভুলেও ঘরে ঢুকলেন না। ছেলেরা বইয়ের পাতা, নিজেদের অর্জিত সম্পদের প্রয়োগে পরীক্ষার খাতাকে কলমের খোঁচায় ভরিয়ে দিল। তারপর কিছু দিন পরে পরীক্ষার ফল প্রকাশিত হল। জঙ্গিপুর কলেজের পার্ট ওয়ান পরীক্ষায় সায়েন্স-এ ৫০ জনের মধ্যে ৩০ জন ডিষ্টিংসন।

এটা পরীক্ষা না প্রহসন?

---

## *বিস্মৃত অতীত থেকে*

বহুদিন পূর্ব্বে পিতৃদেব স্বর্গীয় শরৎচন্দ্র পণ্ডিত মহাশয় 'জঙ্গিপুর সংবাদে' 'নাটকীয় অভিনয় আর প্রকৃত ঘটনা এক নয়' শিরোনামা দিয়ে একটি ছোট্ট প্রবন্ধ লিখেছিলেন। আমরা উহা নিম্নে প্রকাশ করলাম। —সম্পাদক

আমরা সব নেতাদেরই ভাষণের বাগাড়ম্বর শুনে হাততালি দিই, কিন্তু তিনি যে ভূমিকা লইয়া বক্তৃতা করিতেছেন, তার ষোল কড়াই কানা। আমাদের দশ এগার বৎসরে স্বাধীনতার স্বাদ পাওয়ার পর যত আশা আশ্বাসের কথা দেশের কর্ত্তা ব্যক্তিদের কাছে পেয়েছি তার এক আনা অংশ কাজে পাইয়াছি কি? অথচ শোনা গেল ইংরাজ যাবার সময় যত টাকা দিয়া গিয়াছিল তা সব চিচিং ফাঁক। —পর পৃষ্ঠায়

খোকার জন্মের পর..

আমার শরীর একেবারে ভেঙ্গে প'ড়ল। একদিন ঘুম থেকে উঠে দেখলাম সারা বালিশ ভর্তি চুল। তাড়াতাড়ি ডাক্তার বাবুকে ডাকলাম। ডাক্তার বাবু আশ্বাস দিয়ে বল্লেন—"শারীরিক দুর্বলতার জন্য চুল ওঠে।" কিছুদিনের যত্নে যখন সেরে উঠলাম, দেখলাম চুল ওঠা বন্ধ হয়েছে। দিদিমা বল্লেন—"ঘাবড়াসনা, চুলের যত্ন নে,



দু'দিনেই দেখবি সুন্দর চুল গজিয়েছে।" রোজ দু'বার ক'রে চুল আঁচড়ানো আর নিয়মিত স্নানের আগে জবাকুসুম তেল মালিশ সুরু ক'রলাম। দু'দিনেই আমার চুলের সৌন্দর্য ফিরে এল'।

জবাকুসুম কেশ তৈল

সি. কে. সেন এণ্ড কোং প্রাঃ লিঃ
জবাকুসুম হাউস ০ কলিকাতা-১২



KALPANA.J.K-84.B

ডাবর আমলা কেশ তৈল

কেশ সৌন্দর্য্য বৃদ্ধি করে ও ঘন কৃষ্ণ কেশোদ্গমে সহায়তা করে।

ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।
এজেন্ট—শ্রীননীগোপাল সেন, কবিরাজ
অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুর‍্যাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

সর্ব্বদা সুলভ মুল্যে বিক্রয় হয়

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

আর্ট ইউনিয়ন

সিটি সেলস অফিস
৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯
টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি:

সেলস অফিস ও শোরুম
৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬
ফোন: ৫৫-৪৩৬৬

আর পি. ওয়াচ কোং

পোঃ রঘুনাথগঞ্জ — জেলা মুর্শিদাবাদ।

ছোট বড় যে কোন ঘড়ি, দেওয়াল ঘড়ি ও হাতঘড়ি স্বলভে নির্ভরযোগ্য মেরামতের জন্য আর. পি. ওয়াচ কোং র দোকানে পাঠিয়ে দিন। বিনীত—শ্রীশঙ্করপ্রসাদ ভকত

( তৃতীয় পৃষ্ঠার জের )

আজ দেশে স্থানে স্থানে খাদ্যাভাবে কত লোক আত্মহত্যা করিতেছে অথচ কেন্দ্রীয় খাদ্যমন্ত্রী শ্রীঅজিতপ্রসাদ জৈনী ১১ই জুলাই এলাহাবাদে ঘোষণা করেন "পরবর্ত্তী শস্য না আসিয়া পৌছা পর্য্যন্ত যে কোন অবস্থার সম্মুখীন হইবার মত যথেষ্ট খাদ্যশস্য কেন্দ্রীয় সরকারের নিকট মজুত আছে।" তিনি বলেন—এখানে ওখানে অসুবিধা হইতে পারে, কিন্তু আমরা স্থির নিশ্চিত সমস্যার উপযুক্ত সমাধান হইবে। এই ভাষণে দেশের ক্ষুন্নিবৃত্তি না হইলে তিনি কি করিবেন?

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর প্রথম মুন্সেফী আদালত

নিলামের দিন ৮ই জুন, ১৯৭০

১৯৬৯ সালের জারী

২১ মনি ডিঃ মমেদা খাতুন বিবি দেঃ নৈমুদ্দিন সেখ দাবি ২০৪·৭৭ থানা রঘুনাথগঞ্জ মৌজে জয়রামপুর ৩৫ শতকের কাত ৪-৬৫ তদন্তর্গত ১৫২ শতক জমি নিলাম হইবে। খং নং ৫৪৩ রায়ত স্থিতিবান।